

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
 যুব-১ শাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

**আন্তর্জাতিক যুব দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: আসাদুল ইসলাম  
 সচিব  
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ ও সময় : ০১-০৭-২০১৮ খ্রিঃ, বেলা-১১.০০টা।

স্থান : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভা কক্ষ।

উপস্থিত সদস্য বৃন্দের তালিকা: পরিশিষ্ট-‘ক’।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব, যুব-১ আগামী ১২ আগস্ট আন্তর্জাতিক যুব দিবস এবং এ উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিবের এনভয় অন ইয়ুথ Ms. Jayathma Wickramanayake এর সম্ভাব্য বাংলাদেশ সফর সম্পর্কে সভায় সকলকে অবহিত করেন। মাননীয় প্রতিমন্ত্রীর আমন্ত্রণে জাতিসংঘ মহাসচিবের এনভয় অন ইয়ুথ আগামী ৪-১১ আগস্ট বাংলাদেশ সফর করবেন। তাঁর সফর উপলক্ষ্যে আন্তর্জাতিক যুব দিবস ১২ আগস্ট এর পরিবর্তে আগামী ৬ আগস্ট শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার-এ উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জাতিসংঘের মহাসচিবের এনভয় অন ইয়ুথ প্রধান অতিথি হিসাবে আগামী ০৬-০৮-২০১৮ খ্রি. তারিখে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে যুব সমাবেশে ও আলোচনা সভায় অংশগ্রহণ করবেন এবং মাননীয় প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। দিবসটি উদযাপন উপলক্ষ্যে তিনি বাংলাদেশে যুবদের বিভিন্ন কর্মকাণ্ড ও বর্তমান অবস্থার উপর আয়োজিত যুব সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি বিভিন্ন কর্মকাণ্ডের প্রদর্শনী (Showcase) পরিদর্শন করবেন। পাশাপাশি, যুব সমাবেশে উপস্থিত যুবদের সঙ্গে প্রধান অতিথি খোলামেলা আলোচনা ও মত বিনিময় করবেন। সভাপতি এ পর্যায়ে সভায় উপস্থিত যুব প্রতিনিধিদের নিকট দিবসটি উদযাপনে তাদের মতামত ব্যক্ত করার অনুরোধ জানান।

মিজ ফাহমিদা ফাইজা, National Coordinator, Model OIC Program বলেন যে, দিবসটি উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন করা যেতে পারে এবং তাতে এ বছরের আন্তর্জাতিক যুব দিবসের প্রতিপাদ্য “Safe Spaces for Youth” বিষয়ে একটি পেপার উপস্থাপন ও আলোচনা হতে পারে। Safe Spaces বলতে যে চারটি উপাদানকে বোঝানো হয় (Digital Space, Policy Space, Civil Space ও Physical Space) সেগুলোকে অন্তর্ভুক্ত করে পেপারটি তৈরি করা যেতে পারে। আন্তর্জাতিক প্রতিপাদ্য বিষয়কে জাতীয় যুবনীতি এর সাথে সম্পর্কিত করে আলোচনার আয়োজন করার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। এছাড়া আলোচনা সভায় বাংলাদেশের যুবদের কার্যক্রমের উপর একটি ভিডিও চিত্র প্রদর্শন করা যেতে পারে। সেশ্যনাল মিডিয়াতে বিশেষ করে ফেইসবুক ও টুইটারে আন্তর্জাতিক যুব দিবসের পেইজ উন্মুক্ত করা যেতে পারে। এতে করে সবাই তাদের মতামত প্রদান করতে পারবেন এবং আমন্ত্রিত অতিথিগণও তাঁদের মতামত তুলে ধরতে পারবেন।

সভাপতি যুব উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন সরকারি উদ্যোগ তথা ন্যাশনাল সার্ভিস প্রোগ্রাম, তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে বিভিন্ন কর্মকাণ্ডসহ আন্তর্জাতিক যুব সম্প্রদায়ের বিভিন্ন কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করে পেপারটি প্রস্তুত করা যায় মর্মে অভিমত রাখেন।

জনাব জাহেদুল ইসলাম, প্রতিনিধি BYLC বলেন যে, আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষ্যে ৬ আগস্ট বা সুবিধাজনক তারিখে সকাল ৬.০০ টায় হাতিরঝিলে যুবদের অংশগ্রহণে ‘Youth Run’ এর আয়োজন করা যায়। ‘Youth Run’ এ মাদকাসক্তি, বাল্য বিবাহ, মানব পাচারের বিরুদ্ধে অবস্থা নেয়ার আহবানসহ যুব সংশ্লিষ্ট আন্তর্জাতিক বিভিন্ন বিষয় ও সমস্যা তুলে ধরে সচেতনতা সৃষ্টি করা যেতে পারে। বিভিন্ন ক্রীড়া সংগঠন ও খ্যাতনামা খেলোয়াড়দের উপস্থিতিতে যুব উন্নয়নে ক্রীড়ার ভূমিকা ‘Youth Run’ এ অন্তর্ভুক্ত করার বিষয়ে সভাপতি মত ব্যক্ত করেন।



মিজ সুমাইয়া তাবাসসুম আহমেদ, প্রতিনিধি BYLC উল্লেখ করেন যে, আলোচনা হতে প্রাপ্ত বিষয়ে Manifesto বা Declaration তৈরি করা যেতে পারে। সভাপতি আন্তর্জাতিক যুব দিবস উদযাপনের অংশ হিসাব জাতিসংঘ মহাসচিবের এনভয় অন ইয়ুথ এর বাংলাদেশে যুব দিবসের অংশগ্রহণের কার্যক্রমের উপর একটি প্রকাশনা বের করার বিষয়ে প্রস্তাব করেন।


সভাপতি বলেন যে, যুব কল্যাণ তহবিল হতে অনুদান প্রাপ্ত কিছু যুব সংগঠনকে প্রধান অতিথির মাধ্যমে অনুদানের চেক অনুষ্ঠানে প্রদান করা যেতে পারে।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সম্ভাব্য প্রতিষ্ঠানসমূহ
০১।	যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন বহির্ভূত যুব সংগঠন, এনজিও, ক্রীড়া সংগঠন এর তালিকা প্রস্তুত করা	ক) যুগ্মসচিব, যুব-১ খ) জনাব জাহেদুল ইসলাম, BYLC
০২।	ঢাকায় হাতিরঝিলে 'Youth Run' এর আয়োজন করা।	ক) যুগ্মসচিব, যুব-১ খ) জনাব জাহেদুল ইসলাম, BYLC
০৩।	ফেইসবুক, টুইটারে পেইজ তৈরি করা এবং হ্যাশ ট্যাগ উন্মুক্ত করণ।	ক) সিনিয়র সহকারী সচিব, যুব-১ খ) জনাব এস.আই.এম সাদমান শেখ, লাইট হাউজ ইম্পেরিয়াম
০৪।	সেমিনারের Key note Paper প্রস্তুতকরণ (উপস্থাপনকারী নির্বাচন, আলোচক ও রেপোর্টিয়ার নির্বাচন ইত্যাদি)।	ক) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর খ) মিজ ফাহিমদা ফাইজা, National Coordinator, Model OIC গ) BYLC
০৫।	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রস্তুতকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।	পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
০৬।	মিডিয়ার সঙ্গে যোগাযোগ এবং প্রচার ও প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করা।	CRI
০৭।	যুব কর্মকাণ্ডের উপর চিত্র প্রদর্শনী এবং সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণে Showcase এর ব্যবস্থা করা	ক) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর খ) যুগ্মসচিব, যুব-১ গ) পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ঘ) মিজ ফাহিমদা ফাইজা, National Coordinator, Model OIC Program
০৮।	অনুষ্ঠানে যুব কল্যাণ তহবিলের অনুদানের চেক প্রদান।	ক) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর খ) যুগ্মসচিব, যুব-১ গ) পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
০৯।	বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর লাইট ও সাউন্ড প্রদর্শনী।	Young Bangla
১০।	ইউএনএফপিএ এর অর্থায়নে গৃহীত প্রকল্প পরিদর্শন।	ডা: মুহাম্মদ মুনীর হোসেন, প্রতিনিধি ইউএনএফপিএ, ঢাকা



দিবসটি উদযাপনের বিষয়ে স্বল্প সময়ের মধ্যে প্রস্তুতিমূলক আর একটি সভা আহ্বানের জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও বাংলাদেশের বিভিন্ন যুব উদ্যোক্তা, তরুণ ব্যবসায়ী, যুব নেতৃত্ব, যুব মিডিয়া কর্মীদের অন্তর্ভুক্তির মাধ্যমে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে যথাযথভাবে আন্তর্জাতিক যুব দিবস ২০১৮ উদযাপন এবং সেলফ্যে সকলকে আন্তরিকভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: আসাদুল ইসলাম)

সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়